# সোলারিসে অভাবনীয় সাড়া




হাওড়ার শালিমারে ইডেন রিয়েলটি গ্রুপের সুউচ্চ স্কাই গার্ডেন 'সোলারিস শালিমার'-এর নতুন কয়েকটি টাওয়ারের জন্য আবেদন প্রক্রিয়া চলছে। হাওড়ার উচ্চতম ১৮ তলা এই স্কাই গার্ডেন থেকে গঙ্গা ও বটানিক্যাল গার্ডেন পাখির চোখে ধরা দেবে।

ইডেন রিয়েলটি গ্রুপের এমডি আর্য সুমন্ত জানিয়েছেন, 'এমআইজি সেগমেন্টে সেরা সুবিধা ও দুর্দান্ত কানেক্টিভিটি রয়েছে সুলভ এই প্রোজেক্টে। এবার আমরা ৬৪৮টি ফ্ল্যাট নিয়ে এসেছি যা ই-লটারির মাধ্যমে বণ্টন করা হবে।'

সংস্থার জেএমডি কুমার সাত্যকি জানিয়েছেন, 'প্রথম ১২ দিনে দু'হাজারের বেশি গ্রাহক আমাদের সাইট ভিজিট করেছেন। অনলাইন পোর্টালেও আড়াই হাজারের বেশি ফর্ম বিক্রি হয়েছে। ১২ ফেব্রুয়ারি পর্যন্ত আবেদন জমা নেওয়া হবে।'